# ১২ শিক্ষার্থী সাময়িক বহিষ্কার

জাবি প্রতিনিধি

০৬ জুলাই ২০২৬, ১২:০০ এএম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ইতিহাস বিভাগের নবীন শিক্ষার্থীদের র‍্যাগিংয়ের অভিযোগে বিভাগটির ৫৪তম ব্যাচের ১২ শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. এবিএম আজিজুর রহমান স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

বহিষ্কৃতরা হলেনÑ নাছিমউদ্দিন মজুমদার, মাহফুজুর রহমান অন্ত, আব্দুল্লাহ মাহদী, শুভাশীষ রায় প্রান্ত, আবু আবতাহী অনিক, রায়হান খান, নাইমুল হাসান, ইসফাক হাদী, নাইম আহমেদ সজিব, কার্তিক চন্দ্র রায়, কাজী শাহ জামসেদ আলম নাবিল ও সাইফুল্লাহ মানসুর আনান। অফিস আদেশে বলা হয়, গত ৩ জুলাই রাত ১১টা থেকে ১টার মধ্যে ইতিহাস বিভাগের নবীনবরণ উপলক্ষে ৫৫তম ব্যাচের শিক্ষার্থীদের ক্যাম্পাসের বিভিন্ন স্থানে জড়ো করে গালিগালাজ, শারীরিক ও মানসিক

নির্যাতনের অভিযোগ পাওয়া যায়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শৃঙ্খলা-সংক্রান্ত অধ্যাদেশ-২০১৮ লঙ্ঘিত হওয়ায় অভিযুক্তদের সাময়িক বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে বহিষ্কৃত ১২ শিক্ষার্থীকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কোনো আবাসিক হলে অবস্থান না করার নির্দেশ দেওয়া হয়েছে।

এর আগে গত শুক্রবার রাতে 'ম্যানার শেখানোর' নামে নবীন শিক্ষার্থীদের হেনস্তার অভিযোগের পর প্রক্টরিয়াল টিম ঘটনাস্থলে গিয়ে অভিযুক্তদের আটক করে। পরে ভুক্তভোগীদের লিখিত অভিযোগ ও অভিযুক্তদের লিখিত স্বীকারোক্তির ভিত্তিতে তদন্ত শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, তদন্ত শেষে প্রচলিত বিধি অনুযায়ী তাদের বিরুদ্ধে পরবর্তী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।